

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি : কামরুন্নেছা বেবী
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উখিয়া, কক্সবাজার
তারিখ : ১১/০৮/২০২১ খ্রি.
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

সভার আলোচ্য বিষয়সমূহ:

১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
২. উখিয়া উপজেলার প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় হাই ও লো বেঞ্চ সরবরাহকরণের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদাপত্র প্রেরণ।
৩. বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়।

২. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ এর কারণে প্রাথমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন বন্ধ থাকার দরুন কাঠের তৈরি হাই ও লো বেঞ্চ নষ্ট হয়েছে। তাছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শ্রেণিকক্ষে হাই ও লো বেঞ্চ এর যথেষ্ট সংকট রয়েছে। সূত্রোচ্ছ মোতাবেক স্থানীয় সরকার বিভাগ থেকে সরাসরি পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ করা হবে। উখিয়া উপজেলার মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত আবেদনসমূহ নিয়ে আলোচনা করা হয় এবং অত্র উপজেলার প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় হাই ও লো বেঞ্চ সরবরাহকরণের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদাপত্র চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্তসমূহ:

ক. উখিয়া উপজেলার প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় হাই ও লো বেঞ্চ সরবরাহকরণের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদাপত্র চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর প্রেরণ।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কামরুন্নেছা বেবী
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া

ও

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার